# পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষাকর্মী ইউনিয়ন

## পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি

## ২৪৯, বি. বি. গাঙ্গুলী ষ্ট্রীট, কলিকাতা.

---

**সকল রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য, জেলা কমিটির সম্পাদক/সভাপতিদের প্রতিঃ**

**##########**

**বিশেষ সার্কুলার**

**##########**

প্রিয় সাথিবৃন্দ,

গত ০৬/০৮/২০২৩ রাজ্য দপ্তরে রাজ্য সম্পাদকমণ্ডলীর গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন কমরেড মুন্সী মোশারফ হোসেন। সভায় বিগত কর্মসূচির পর্যালোচনা এবং আগামী কিছু কর্মসূচীর রূপরেখা গ্রহণ করা হল।

১) বকেয়া মহার্ঘ ভাতা, নয়া পেনশন স্কীম বাতিল, অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণ, রাজ্যের গণতন্ত্র পুনরুদ্ধার সহ অন্যান্য দাবিতে, ৮ই আগষ্ট মঙ্গলবার রাণী রাসমণি রোডে অবস্থান কর্মসূচি পালন করা হয়,১২ই জুলাই কমিটির নেতৃত্বে ।এই কর্মসূচি তে
আমাদের বিভিন্ন জেলার নেতৃত্ব ও
কমরেড রা উপস্থিত ছিলেন।

২) আগামী ২৭ শে আগষ্ট বেলা ১২ টায় অস্থায়ী শিক্ষাকমী কর্মীদের সাব কমিটি সভা অনুষ্ঠিত হবে রাজ্য দপ্তরে।

৩) গর্বের ৪০ বছর উদযাপন উৎসব উপলক্ষে জেলা কমিটি প্রতি যে কোটা ধার্য্য করা হয়েছিল রাজ্য কাউন্সিল সদস্য প্রতি লক্ষ্য মাত্রায় । বোঝাপরা ছিল রাজ্য কাউন্সিল সদস্যগন হয় ব্যাক্তিগত দেবেন অথবা সংগঠিত ভাবে তুলে দেবেন। কিন্তু উক্ত বোঝাপরা অনুযায়ী কাজ হয়নি । ফলত জেলা কমিটিগুলি কোটা মেটাতে পারেন নি। এখন সংগ্রহ করার অবকাশ নেই। তাই বর্তমানে রাজ্য কাউন্সিল সদস্যদের ব্যক্তিগত ভাবে নির্ধারিত অর্থ জেলা কমিটি মাধ্যমে রাজ্য কমিটিতে জমা দিতে হব। বিল কুপন সহ।

৪)রাজ্যসম্পাদকমণ্ডলীর সদস্য ও রাজ্য কমিটির সদস্যদের রাজ্য দপ্তরের সঙ্গে যোগাযোগ রাখার যথেষ্ট অনীহা লক্ষ্য করা যাচ্ছে। তার ফলে কেন্দ্রীয় কর্মসূচী বা সংগঠনের বোঝাপড়া পরবর্তি স্তরে নিয়ে যেতে কঠিন হচ্ছে । এই দুর্বলতা অতিক্রম করার জন্য অন্তত মাসে একটি দিন ( রাজ্য দপ্তর খোলা থাকে বুধবার এবং শনিবার) নিজেদের সুবিধা মত রাজ্য দপ্তরে আসার উদ্যোগী হতে হবে।

৫) আগামী ২রা অক্টোবর রাজ্য কাউন্সিল সভা কলকাতায় অনুষ্ঠিত হবে।
দায়িত্বেঃ রাজ্য সম্পাদক/ সভাপতি , সহ সংশ্লিষ্ট জেলা সম্পাদক মন্ডলীর সদস্য এবং সম্পাদক/ সভাপতি ।

৬) আগামী ৮ই ডিসেম্বর মাননীয় রাজ্যপাল ও স্পীকারকে দাবি সনদ পেশ ও কেন্দ্রীয় বিক্ষোভ সভা অনুষ্ঠিত হবে। কলকাতায়।
পরবর্তি রাজ্য কমিটির সভার পর স্থান, সময়, ইত্যাদি বিস্তারিত জানানো হবে। তবে কলকাতায় কেন্দ্রীয় জমায়েত সফল করতে সমস্ত জেলাগুলি থেকে ভাল অংশের জমায়েত গ্যারান্টি আবশ্যিক।

উপরোক্ত কর্মসূচিগুলি সফল করতে এখন থেকেই ইউনিট স্তর/ জেলা স্তর পর্যন্ত পরিকল্পনা নামানোর উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ রইল। সেই সঙ্গে বকেয়া সদস্য চাঁদা ও নিজেদের দেওয়া টাকা জমা করতে হবে।

সকল জেলা কমিটির সম্পাদক সভাপতিদের কাছে অনুরোধ আগামী ২রা অক্টোবর রাজ্য কাউন্সিল সডা কলকাতাতে অনুষ্ঠিত হবার সিদ্ধান্ত রাজ্য সম্পাদক মন্ডলীতে গৃহীত হয় সেই মোতাবেক নিজ নিজ জেলার সকল রাজ্য কাউন্সিল সদস্যবৃন্দ যাতে কাউন্সিল সভায় উপস্থিত হতে পারেন , সে বিষয়ে এখন থেকে প্রস্তুতি গ্রহণ করবার জন্য বিশেষভাবে অনুরোধ করছি

সংগ্রামী অভিনন্দনসহ

সুব্রত চক্রবর্তী,

সাধারণ সম্পাদক।

পশ্চিমবঙ্গ কলেজ শিক্ষাকর্মী ইউনিয়ন

পশ্চিমবঙ্গ রাজ্য কমিটি